

বাংলাদেশ বার কাউন্সিল

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৬৭০৫৬, ৯৫৬৯৮০৭, ৯৫৬৯৮০৯, ফ্যাক্সঃ- ৯৫৫৪৯৫৯

www.barcouncil.gov.bd

স্মারক নং-বিবিসি/রেজিঃ/২০১৭/জরুরী-০৯০৩১৭

তারিখ: ০৯ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ

নোটিশ

[রেজিস্ট্রেশন কার্ড বিতরণ সংক্রান্ত]

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্নলিখিত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত শিডিউল অনুযায়ী তৃতীয় ধাপে বার কাউন্সিলের রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণকল্পে এই নোটিশে উল্লিখিত সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত সেমিস্টারের শিক্ষার্থীগণকে এতদসংযুক্ত “নমুনা ফরম” পূরণ ও জমাদানপূর্বক এবং টোকেন সংগ্রহপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ে বার কাউন্সিল অফিস হইতে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিবার জন্য বলা হইল। পরবর্তীতে অন্যান্য বেসরকারী বিশ্ববিদ্যালয়ের (বার কাউন্সিলের চাহিত সকল কাগজপত্র ও তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী স্ব স্ব বিশ্ববিদ্যালয় হইতে যথাযথভাবে প্রাপ্তি সাপেক্ষে) শিক্ষার্থীগণকে ধারাবাহিকভাবে ধাপে ধাপে রেজিস্ট্রেশন কার্ড প্রদান করা হইবে, যাহা যথাসময়ে নোটিশের মাধ্যমে অবহিত করা হইবে।

ক্রমিক নং	বিশ্ববিদ্যালয়ের নাম	ঠিকানা	সেমিস্টার/ব্যাচ (অনার্স)	রেজিস্ট্রেশন কার্ড প্রদানের তারিখ ও সময়
০১।	বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি	চন্দনাইশ, চট্টগ্রাম।	জুন-২০১৪ ডিসেম্বর-২০১৪	১৩-০৩-২০১৭ইং (সোমবার) (নমুনা ফরম অবশ্যই সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে জমা প্রদান করিয়া টোকেন সংগ্রহ করিতে হইবে) *
			জুন-২০১৫ ডিসেম্বর-২০১৫	১৯-০৩-২০১৭ইং (রবিবার) (সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে টোকেন জমা দিয়া রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিতে হইবে)*
০২।	শান্তা মরিয়ম ইউনিভার্সিটি	উত্তরা, ঢাকা।	২০১৪ ২০১৫	১৩-০৩-২০১৭ইং (সোমবার) (নমুনা ফরম অবশ্যই বিকাল ৩.৩০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে জমা প্রদান করিয়া টোকেন সংগ্রহ করিতে হইবে)
				১৯-০৩-২০১৭ইং (রবিবার) (বিকাল ৩.৩০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে টোকেন জমা দিয়া রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিতে হইবে)
০৩।	প্রাইমএশিয়া ইউনিভার্সিটি	বনানী, ঢাকা।	সামার-২০১৪ ফল-২০১৪ স্প্রিং-২০১৫ সামার-২০১৫ ফল-২০১৫	১৩-০৩-২০১৭ইং (সোমবার) (নমুনা ফরম অবশ্যই বিকাল ৪.০০ ঘটিকা হইতে বিকাল ৪.৪৫ ঘটিকার মধ্যে জমা প্রদান করিয়া টোকেন সংগ্রহ করিতে হইবে)
				১৯-০৩-২০১৭ইং (রবিবার) (বিকাল ৪.০০ ঘটিকা হইতে বিকাল ৪.৪৫ ঘটিকার মধ্যে টোকেন জমা দিয়া রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিতে হইবে)

* জোহরের নামাজ ও দুপুরের খাবারের জন্য বিরতি থাকিবে দুপুর ১.০০ টা হইতে ২.৩০ ঘটিকা পর্যন্ত।

* বৈদ্যুতিক/যান্ত্রিক ত্রুটির কারণে রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুতি/বিতরণে বিঘ্ন ঘটিলে সেইক্ষেত্রে প্রার্থীগণকে পরবর্তীতে অফিসে যোগাযোগ করিতে হইবে।

* শিক্ষার্থীদের সুবিধার্থে দুই বা ততোধিক প্রার্থীর পক্ষে একজন প্রার্থী প্রয়োজনীয় সংখ্যক ‘নমুনা ফরম’ জমা দিয়া ‘টোকেন’ সংগ্রহ করিতে পারিবেন এবং একইভাবে উক্ত টোকেনসমূহ নির্ধারিত সময়ে জমা প্রদান করিয়া রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করিতে পারিবেন। তবে নমুনা ফরম অবশ্যই সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক যথাযথভাবে ও স্বহস্তে পূরণকৃত এবং স্বাক্ষরিত হইতে হইবে।

উপরোক্ত শিডিউল মোতাবেক সংশ্লিষ্ট প্রার্থীগণকে নির্ধারিত ‘নমুনা ফরম’ যথাযথভাবে পূরণ করিয়া বার কাউন্সিল ভবনের নীচ তলার নির্ধারিত কক্ষ/কাউন্টারে জমা দিতে হইবে এবং তাহাদের রেজিস্ট্রেশন কার্ড (সকল কাগজপত্র সঠিক থাকা সাপেক্ষে) নীচতলার নির্ধারিত কক্ষ/কাউন্টার হইতে বিতরণ করা হইবে। নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী ‘নমুনা ফরম’ জমা দিয়া টোকেন সংগ্রহ করিতে ব্যর্থ হইলে কার্ড প্রদান করা সম্ভব হইবে না।

ইন্টিমেশন ফরম তথা ‘পিউপিএলজ রেজিস্ট্রেশন ফরম’ বিধি মোতাবেক (নির্ভুলভাবে এবং পূর্ণাঙ্গরূপে পূরণকৃত ও চাহিত সকল কাগজপত্রসহ যথাযথভাবে প্রস্তুতকৃত) জমাদানের পর ০৬ (ছয়) মাস অতিক্রান্ত না হইলে রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হয় না।

রেজিস্ট্রেশন কার্ড বিতরণ কার্যক্রম সুষ্ঠু, সুশৃঙ্খল এবং গতিশীলভাবে সম্পন্নের স্বার্থে সংশ্লিষ্ট সকলকে এই নোটিশে বর্ণিত সময়সূচী/নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করিতে অনুরোধ করা হইল। এর কোনরূপ ব্যত্যয় ঘটিলে কার্ড বিতরণ করা সম্ভব হইবে না।

স্বঃ/-

মোহাম্মদ আনিসুর রহমান

সচিব

(জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল।

বিশেষ দ্রষ্টব্যঃ ইন্টিমেশন ফরমে প্রদত্ত নাম/ভার্সিটি-আইডি ইত্যাদি তথ্যের সাথে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয় প্রেরিত শিক্ষার্থী তালিকায় দেওয়া নাম/আইডি/তথ্যে কোনরূপ গরমিল/অসঙ্গতি পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হইবে না। সমস্ত কাগজপত্র/তথ্য সঠিক/যথাযথ/নির্ভুল থাকিলেই কেবলমাত্র রেজিস্ট্রেশন কার্ড প্রস্তুত হইতে পারে। এই নোটিশে উল্লিখিত সেমিস্টারসমূহ ছাড়া অন্য কোন সেমিস্টার/শিক্ষাবর্ষের প্রার্থীর রেজিস্ট্রেশন কার্ড এই দিনে প্রস্তুত হইবে না।

উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ ব্যতীত অন্যান্য সকল (হাইকোর্ট পারমিশন ও জজকোর্ট) রেজিস্ট্রেশন-প্রার্থীর রেজিস্ট্রেশন কার্যক্রম সীমিত পরিসরে থাকিবে।

* ‘নমুনা ফরম’ অপর পৃষ্ঠায় সংযুক্ত করা হইল।

One copy
Passport Size
Colour Photo
(Attach Here)

Sample Form

[To Collect Registration Card]

1. Name of the applicant (In block letter) :
2. Father's Name :
3. Name of Pupil Master (Senior) :
4. Intimation Form Submission Date
(Pupilage Registration Form) :
5. Mobile Number :

6. Academic qualifications:

Name of the Examination (starting from SSC or equivalent)	Year of Passing	Semester	Roll No./ID	Board/University	Division/Class / CGPA

Date:

.....
Signature of the Applicant

Enclosure:

1. Attested copies of LL.B Certificate and Mark Sheet.